

# রপ্তানি উন্নয়ন ব্যুরো

## বস্ত্র বিভাগ

টিসিবি ভবন, ১, কাওরান বাজার

ঢাকা-১২১৫।

[www.epb.gov.bd](http://www.epb.gov.bd)



নথি নং -২৬.০২.০০০০.০৫২.৪৭.৩৬৯.১৮ / ৪৮৫ (২)

তারিখঃ ১৪ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ  
২৮ মে ২০২৩ খ্রিষ্টাব্দ


### জরুরী বিজ্ঞপ্তি

**বিষয়ঃ তৈরী পোশাক রপ্তানিকারক প্রতিষ্ঠান সমূহের REX-এর আওতায় রপ্তানিকৃত সকল কনসাইনমেন্ট-এর সংশ্লিষ্ট ডকুমেন্টস EPB Export Tracker-এ সাবমিট প্রসংগে।**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে, ইউরোপীয় ইউনিয়নভুক্ত দেশে রপ্তানির লক্ষ্যে REX নাম্বার প্রাপ্ত অধিকাংশ রপ্তানিকারক প্রতিষ্ঠান কর্তৃক REX এ ঘোষনাকৃত কনসাইনমেন্ট সমূহের সার্ভিস চার্জ জমা প্রদান করে পে-স্লিপ গ্রহন করলেও সংশ্লিষ্ট ডকুমেন্ট Export Tracker-এ Submission করা হয় নাই। REX মনিটরিং ও ভেরিফিকেশনের জন্য Export Tracker-এ সকল কনসাইনমেন্ট এর ডকুমেন্ট Submit করা অতীব জরুরী।

০২। এমতাবস্থায়, REX নাম্বার প্রাপ্ত সকল তৈরী পোশাক রপ্তানিকারক প্রতিষ্ঠানকে আগামী ৩০-০৬-২০২৩ তারিখের মধ্যে (REX নাম্বার প্রাপ্তির পর থেকে বর্তমান পর্যন্ত) সকল কনসাইনমেন্টের ডকুমেন্ট Export Tracker-এ Submit ও সমুদয় সার্ভিস চার্জ (টাঃ ২৫০/= হারে) পরিশোধ করার জন্য অনুরোধ করা হলো। অন্যথায় নিবন্ধন নবায়ন, REX ভেরিফিকেশন ও অন্যান্য প্রশাসনিক সহায়তা সংক্রান্ত জটিলতার সম্মুখীন হলে তার দায়ভার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকেই বহন করতে হবে।

বিষয়টি আপনার সমিতির আওতাভুক্ত সদস্য প্রতিষ্ঠানসমূহকে জরুরী ভিত্তিতে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
১৪-০৫-২০২৩  
(মহিষদুল হাসান)  
পরিচালক (বস্ত্র)

#### বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

০১. সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, হাউজ#৭/৭এ, ব্লক# এইচ ১, সেক্টর# ১৭, উত্তরা, ঢাকা-১২৩০।
০২. সভাপতি, বিকেএমইএ, প্লানার্স টাওয়ার, সোনারগাঁও রোড, হাতিরপুল, ঢাকা।
০৩. সভাপতি, বিটিটিএলএমইএ, পল্টন টাওয়ার (৪র্থ তলা), ৮৭, পুরানো পল্টন লেন, ঢাকা।
০৪. সভাপতি, বিএসটিএমপিআইএ, পল্টন টাওয়ার (৩য় তলা), ৮৭, পুরানো পল্টন লেন, ঢাকা।
০৫. সভাপতি, বিটিএমএ, ইউনিক ট্রেড সেন্টার (লেভেল-৮), ৮ পাছপথ, কাওরান বাজার, ঢাকা।
০৬. পরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো (চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়), ১১০২/এ, মোস্তফা সেন্টার (৪র্থ তলা), আশ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
০৭. পরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো (খুলনা আঞ্চলিক কার্যালয়), ৫, কেডিএ বাণিজ্যিক এলাকা, চেম্বার ম্যানশন (৩য় তলা), ডাকবাংলা মোড়, খুলনা।
০৮. উপ-পরিচালক (অর্থ), রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা।
০৯. প্রোগ্রামার, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (এই বিজ্ঞপ্তি ব্যুরোর ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১০. সহকারী পরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো, রাজশাহী, (রাজশাহী আঞ্চলিক কার্যালয়), হাজেরা ভিলা (৪র্থ তলা), সাহেব বাজার (মিঞা পাড়া), নাটোর রোড, রাজশাহী।
১১. হিসাব রক্ষণ কর্মকর্তা, রপ্তানি উন্নয়ন ব্যুরো (কুমিল্লা শাখা কার্যালয়), হোল্ডিং নং-৮৪৫ (৩য় তলা) বিসিক গেইট, রাণীর বাজার, কুমিল্লা।
১২. গবেষণা কর্মকর্তা, রপ্তানি উন্নয়ন ব্যুরো (নারায়নগঞ্জ শাখা কার্যালয়), সাতার টাওয়ার (৫ম তলা), এসএম মাল্লেহ রোড, টানবাজার, নারায়নগঞ্জ।
১৩. নির্বাহী সহকারী, আইস-চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (আইস-চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৪. ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক মহোদয়ের দপ্তর, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।